পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone: (off.) 8613280
9661900-59/4075
Fax: 88-02-9667222
E-mail: examcontrollera7c@du.ac.bd

মেমো নং:-১৭২৮/শা-২(ক)/প.

তারিখ: ১১ আষাঢ় ১৪৩২
২৫ জুন ২০২৫

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০২৩ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষার ইংরেজি ও পদার্থ বিজ্ঞান বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের বিশেষ পরীক্ষা

মহোদয়,

অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০২৩ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষার ইংরেজি ও পদার্থ বিজ্ঞান বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীদের বিশেষ পরীক্ষা গ্রহণের জন্য ০৫/০৫/২০২৫ তারিখে ডিন্‌স কমিটির সিদ্ধান্ত মোতাবেক পরীক্ষা গ্রহণের নিমিত্তে পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের পূরণকৃত ফরম ভেরিফিকেশন, আনুষঙ্গিক নিয়ম, শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফিস্ এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণ শুরু ও শেষ তারিখ | ঢাকা বিশ্ববিদ্যালয়ে ব্যাংক ড্রাফ্‌ট, কাগজপত্র জমা ও অনলাইনে ভেরিফিকেশনের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | ০১/০৭/২০২৫ থেকে ০৮/০৭/২০২৫ পর্যন্ত। | ১০/০৭/২০২৫ |
| ০২ | তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ১৪০/- | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্সের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ২০০/- | | |
| ০৪ | মৌখিক ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ২০০/- | | |
| ০৫ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য কোর্স ফি'র অতিরিক্ত) বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৫০০/- | | |
| ০৭ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে<br>ক. কলেজের অংশ ৩০০/- টাকা<br>খ. কেন্দ্রের অংশ ৪৫০/- টাকা | ৭৫০/- | | |
| ০৮ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ১২০/- | | |

### আবেদন ফরম পূরণ:

### অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে লগইন করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরম পূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে। সংশোধন করার পর অবশ্যই সাবমিট করতে হবে।**

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০৭/০৭/২০২৫ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

## ০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

### ইংরেজি বিষয়ের জন্য

অধিভুক্ত সরকারি সাত (০৭) কলেজের ইংরেজি বিষয়ে ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত যে সকল পরীক্ষার্থী ০১ কোর্সে (আলাদা আলাদা) অকৃতকার্য হয়েছে তারা আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র ০১ কোর্সে অংশগ্রহণ করতে পারবে। **এখানে উল্লেখ্য যে, একাধিক কোর্সে অকৃতকার্য কোন শিক্ষার্থী আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

### পদার্থ বিজ্ঞান বিষয়ের জন্য

অধিভুক্ত সরকারি সাত (০৭) কলেজের পদার্থ বিজ্ঞান বিষয়ে ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত যে সকল পরীক্ষার্থী অকৃতকার্য হয়েছে তারা তাদের অকৃতকার্য কোর্সে/ কোর্সসমূহে আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **এখানে উল্লেখ্য যে, অকৃতকার্য কোর্স/ কোর্সসমূহ ব্যতিত অন্য কোন কোর্সে আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

## ০২. অনলাইনে আবেদন ফরম ভেরিফিকেশন ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7college.du.ac.bd) Formfilup লিংক (https://www.student.7college.du.ac.bd) এ গিয়ে কলেজ লগইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরমপূরণের ফিস জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী **২০২৩ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষার ইংরেজি ও পদার্থ বিজ্ঞান বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীদের বিশেষ পরীক্ষায় অংশগ্রহণের শর্ত পূরণ করলে** কলেজ কর্তৃপক্ষ ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

**** ইংরেজি বিষয়ের ক্ষেত্রে শুধুমাত্র ০১ কোর্সে অকৃতকার্য শিক্ষার্থীরা সংশ্লিষ্ট অকৃতকার্য কোর্সে ফরম পূরণ করতে পারবে।**
**** পদার্থ বিজ্ঞান বিষয়ের শিক্ষার্থীরা শুধুমাত্র অকৃতকার্য কোর্স / কোর্সসমূহে ফরমপূরণ করতে পারবে। অকৃতকার্য কোর্স/ কোর্সসমূহ ব্যতিত অন্য কোন কোর্সে আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

**ইংরেজি এবং পদার্থ বিজ্ঞান উভয় বিষয়ের শিক্ষার্থীদের ফরম ভেরিফাই করার ক্ষেত্রে শিক্ষার্থীর ফলাফলের কপি/অনলাইনে ফলাফল যাচাই করে নিতে হবে।**

## ০৪. ফিস জমাদানের পদ্ধতি:

২০২৩ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষার ইংরেজি ও পদার্থ বিজ্ঞান বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীদের বিশেষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষকে "Seven College Student fees" শিরোনামে হিসাব নং: **৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে।** এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-**33011288** (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

আপনার বিশ্বস্ত

(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয় 25 JUN 2025
Email: examcontrollera7c@du.ac.bd